**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 22-02-2025**
**Time: 07.35-07.40 AM Hrs**
**BENGALI MORNING BULLETIN**

---

## Tripura Literature Festival:

রাজ্যের ঐতিহ্যশালী সংস্কৃতি চর্চাকে এগিয়ে নিয়ে যাওয়ার জন্য রাজ্য সরকার বিভিন্নভাবে চেষ্টা চালিয়ে যাচ্ছে। বলেছেন মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা। গতকাল আগরতলার রবীন্দ্র শতবার্ষিকী ভবনে উড়ান সাংস্কৃতিক প্রতিষ্ঠান আয়োজিত তিন দিনব্যাপী ত্রিপুরা Literature ফেস্টিভালের উদ্বোধন করে একথা বলেন মুখ্যমন্ত্রী। অনুষ্ঠানে উপস্থিত সাহিত্য সংস্কৃতি চর্চার সঙ্গে যুক্ত বিশিষ্ট জনদের উদ্দেশ্যে মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা আহ্বান রাখেন ত্রিপুরার কৃষ্টি সংস্কৃতিকে এগিয়ে নিয়ে যেতে তাদের নিজেদের তুলি কলম মেধা ও প্রজ্ঞাকে যেন সঠিকভাবে কাজে লাগান। ত্রিপুরার ১৯ টি জনজাতির কৃষ্টি সংস্কৃতি আমাদের গর্ব। এই বৈচিত্রময় সংস্কৃতি মধ্যে বন্ধুত্বপূর্ণ সম্পর্ক রয়েছে। অনুষ্ঠানে উপস্থিত দেশের প্রথম মহাকাশচারী উইং কমান্ডার অশোক চক্র সম্মানে ভূষিত রাকেশ শর্মা মহাকাশ থেকে পৃথিবীকে দেখার অভিজ্ঞতা বর্ণনা করেন। তিনি বলেন, এটা সীমাহীন। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিশিষ্ট সাহিত্যিক পদ্মশ্রী রবি কানান, বিশিষ্ট শিক্ষাবিদ অরুণোদয় সাহা, ঢাক বাদক শিল্পী পদ্মশ্রী গোকুল চন্দ্র দাস, বুকার পুরস্কারপ্রাপ্ত লেখক গীতাঞ্জলি শ্রী, রবীন্দ্র পুরস্কার প্রাপ্ত বিশিষ্ট রবীন্দ্র গবেষক বিকচ চৌধুরী, টেকনো ইন্ডিয়া বিশ্ববিদ্যালয় ত্রিপুরার ভাইস চ্যান্সেলর ডঃ রতন সাহা প্রমুখ।

********************

## International Mother Tongue Day :

রাজ্যে গতকাল যথাযথ মর্যাদায় রাজ্যেও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদযাপন করা হয়| কৃষিমন্ত্রী রতনলাল নাথ আগরতলা টাউনহলে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদযাপনের রাজ্যভিত্তিক অনুষ্ঠানের উদ্বোধন করেন| তিনি বলেন, মা, মাতৃভাষা ও মাতৃভূমি হচ্ছে পরম শ্রদ্ধার বিষয়। কৃষিমন্ত্রী বলেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদিও মাতৃভাষাকে গুরুত্ব দিয়ে নতুন জাতীয় শিক্ষানীতি প্রবর্তন করেছেন। রাজ্য সরকারও রাজ্যের সব ভাষাকে সমান গুরুত্ব দিয়ে তা রক্ষা করার প্রচেষ্টা নিয়েছে। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন পুর নিগমের মেয়র দীপক মজুমদার, ত্রিপুরা কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন উপাচার্য ড. অরুণোদয় সাহা, মধ্যশিক্ষা ও বুনিয়াদি শিক্ষা অধিকারের অধিকর্তা এন সি শর্মা।

********************

**Brishketu Debbarma:**

শিল্প ও বানিজ্য দপ্তরের প্রতিমন্ত্রী বৃষকেতু দেববর্মা গতকাল সিমনা বিধানসভার এসরাই বাজার এলাকায় নব নির্মিত চাঁনপুর তহশীল কাছারি অফিস উদ্বোধন করেছেন। উদ্বোধকের ভাষণে মন্ত্রী বলেন, আরও ভাল পরিষেবা দেওয়ার লক্ষ্যে নতুন বিল্ডিং এর উদ্বোধন হয়েছেন। এখান থেকে সাধারন মানুষ যাতে সঠিক পরিষেবা পান তা লক্ষ্য রাখতে হবে।

********************

**Kumbha-School :**

প্রয়াগরাজের মহাকুম্ভে, ভক্তি, বিশ্বাস এবং আধ্যাত্মিকতার পাশাপাশি, শিক্ষার উপরও জোর দেওয়া হচ্ছে। উত্তরপ্রদেশ সরকারের উদ্যোগে, মেলা এলাকার প্রতিটি সেক্টরে বিদ্যা কুম্ভ নামে স্কুল স্থাপন করা হয়েছে। আকাশবাণীর সংবাদদাতা জানিয়েছেন যে পঞ্চম শ্রেণী পর্যন্ত শিক্ষার্থীদের বিনামূল্যে উত্তর শিক্ষার পাশাপাশি অন্যান্য সুযোগ-সুবিধাও দেওয়া হচ্ছে। দেশের বিভিন্ন প্রান্ত

থেকে মহাকুম্ভে কাজ করতে আসা শ্রমিকদের সন্তানদের এখানে পড়াশোনা করার সুযোগ রয়েছে।

********************

**Maan-Ki-Baat :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আগামীকাল ২৩শে ফেব্রুয়ারী রবিবার সকাল ১১টায় আকাশবাণীর মন-কি বাত অনুষ্ঠানে দেশ বিদেশের জনগনের সাথে মত বিনিময় করবেন| এটি হল মন-কি-বাত অনুষ্ঠানের ১১৯তম পর্ব| এই অনুষ্ঠানটি আকাশবাণী ও দূরদর্শনের সমস্ত নেটওয়ার্ক, আকাশবাণী সংবাদ ওয়েবসাইট www.newsonair.com ও newsonair mobile app-এ শোনা যাবে| অনুষ্ঠানটি আকাশবাণী, ডিডি নিউজ, প্রধানমন্ত্রীর দপ্তর তথা তথ্য ও সম্প্রচার মন্ত্রকের ইউটিউব চ্যানেলেও শুনতে পাওয়া যাবে| অনুষ্ঠানের অব্যবহিত পরেই এর আঞ্চলিক ভাষার অনুবাদ শোনা যাবে| এই আঞ্চলিক ভাষার অনুষ্ঠানটি রাত ৮টায় পুন: প্রচার করা হবে|

********************

**Courtsey Meet :**

জাতীয় মহিলা কমিশনের সদস্যা ডাঃ অর্চনা মজুমদার গতকাল সচিবালয়ে মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহার সাথে এক সৌজন্যমূলক সাক্ষাৎকারে মিলিত হন। সাক্ষাৎকালে তাঁদের মধ্যে নারী ক্ষমতায়নে রাজ্য সরকার কর্তৃক গৃহীত পদক্ষেপ নিয়ে আলোচনা হয়। মুখ্যমন্ত্রী জানান, রাজ্য সরকার নারীদের আত্মনির্ভর করে তুলতে আন্তরিক প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে|

********************

**Police Football:**

রাজ্যের জাতীয় পর্যায়ে প্রথম ৭৩ তম বি.এম মল্লিক মেমোরিয়াল অল ইন্ডিয়া পুলিশ ফুটবল টুর্নামেন্টের আয়োজন করা হয়েছে। আগামী ২৪ শে ফেব্রুয়ারি থেকে শুরু হবে টুর্নামেন্ট। ওই দিন সকাল সাড়ে নটায় আগরতলার উমাকান্ত মিনি স্টেডিয়ামে টুর্নামেন্টের উদ্বোধন করবেন মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা। রাজ্য পুলিশের মহা নির্দেশক অমিতাভরঞ্জন গতকাল একথা জানান। তিনি প্রস্তুতি খতিয়ে দেখতে উমাকান্ত মিনি স্টেডিয়ামে পরিদর্শন করেন। রাজ্যের পাঁচটি স্থানে টুর্নামেন্টের ম্যাচগুলো অনুষ্ঠিত হবে। মোট ৬৪ টি ম্যাচ অনুষ্ঠিত হবে।

********************

**Weather:**

আজ দুপুর পর্যন্ত আবহাওয়ার পূর্বাভাসে জানানো হয়েছে আকাশ অংশত মেঘলা থাকবে। সকালের দিকে কোথাও কোথাও হালকা  কুয়াশা ছিল।। আগরতলায় আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ১৮ ডিগ্রি সেলসিয়াস। দিনের সর্বোচ্চ তাপমাত্রা থাকবে ৩১ ডিগ্রির কাছাকাছি। আবহাওয়া শুষ্ক থাকবে।

********************

********************